সমকাল

তারিখ ... 21 JUN 2016 ...
পৃষ্ঠা ... ৪ ... কলাম ... ২ ...

# ভর্তিচ্ছুদের ভিড়ে মুখরিত কলেজ

■ সমকাল প্রতিবেদক

দেশের কলেজগুলোতে এখন চলছে একাদশ শ্রেণিতে ভর্তি। ভর্তিচ্ছুদের ভিড়ে মুখরিত সব কলেজ আঙিনা। গত ১৮ জুন থেকে শুরু হয়েছে ভর্তি। চলবে আগামীকাল বুধবার পর্যন্ত। শিক্ষা বোর্ডের প্রকাশ করা মূল মেধাতালিকা থেকে ভর্তি শেষে কলেজগুলোতে শূন্য আসনের বিপরীতে অপেক্ষমাণদের মেধাতালিকা প্রকাশ করা হবে ২৪ জুন। আন্তঃশিক্ষা বোর্ড সমন্বয় সাব-কমিটির আহ্বায়ক অধ্যাপক মাহবুবুর রহমান গতকাল সোমবার সমকালকে এ তথ্য জানান।

গত ১৬ জুন শিক্ষা প্রতিষ্ঠানগুলোর আসনের বিপরীতে মেধাতালিকা প্রকাশ করা হয়। অনলাইনের মাধ্যমে সর্বোচ্চ ১০টি এবং এসএমএসের মাধ্যমে আরও ১০টিসহ মোট ২০টি কলেজে আবেদনের সুযোগ ছিল এবার। সে হিসেবে ১৩ লাখ এক হাজার ৯৯ জন শিক্ষার্থীর মোট আবেদনের সংখ্যা দাঁড়িয়েছে ৪৪ লাখ ৯২ হাজার ১৪০টি।

সরকারি-বেসরকারি কলেজগুলোতে মোট ২১ লাখ ১৪ হাজার ২৬৫টি আসন থাকলেও মেধাতালিকায় ছিল ৯ লাখ ৬০ হাজার শিক্ষার্থীর নাম। বাকি তিন লাখ ২০ হাজার শিক্ষার্থীকে রাখা হয় অপেক্ষমাণ তালিকায়।

আসন খালি থাকা সাপেক্ষে অপেক্ষমাণ তালিকা থেকে ভর্তি হবে ২৫ থেকে ২৭ জুন। আগামী ১০ জুলাই ক্লাস শুরুর পর ১০ থেকে ২০ জুলাই বিলম্ব ফি দিয়ে ভর্তি হতে পারবেন শিক্ষার্থীরা।

**ভর্তি ফি :** সেশন ফিসহ ভর্তি ফি সর্বসাকুল্যে মফস্বল/পৌর (উপজেলা) এলাকায় এক হাজার টাকা। পৌর (জেলা সদর) দুই হাজার টাকা। ঢাকা ছাড়া অন্যান্য মহানগর এলাকায় তিন হাজার টাকা। ঢাকা মহানগর এলাকায় এমপিওভুক্ত প্রতিষ্ঠানে সেশন ফিসহ ভর্তি ফি সর্বসাকুল্যে ৫ হাজার টাকা। কোনোভাবেই উন্নয়ন ফি ৩ হাজারের বেশি হবে না। সব ধরনের ফি রসিদ প্রদানের মাধ্যমে গ্রহণ করতে হবে।

**ভর্তি হওয়ার প্রক্রিয়া :** শিক্ষার্থী মেধাক্রম ও অন্যান্য তথ্য ইন্টারনেট থেকে প্রিন্ট করে ফরমটি বা এসএমএসের মাধ্যমে প্রাপ্ত পিন কোড নিয়ে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তির জন্য যোগাযোগ করতে হবে। এসএসসির প্রবেশপত্র; রেজিস্ট্রেশন কার্ড ও প্রশংসাপত্রের ফটোকপি এবং অনলাইনে পাওয়া এসএসসি পরীক্ষার একাডেমিক ট্রান্সক্রিপ্টের কপি সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানে জমা দিতে হবে। কোনো শিক্ষার্থী কোটায় নির্বাচিত হলে এ সম্পর্কিত প্রামাণ্য কাগজপত্রও জমা দিতে হবে। কেউ ভর্তি বাতিল করতে চাইলে শিক্ষা প্রতিষ্ঠানে লিখিতভাবে আবেদন করতে হবে। একবার বাতিল করলে আর ওই প্রতিষ্ঠানে ভর্তির সুযোগ থাকবে না। ভর্তি বাতিল না করে অন্য শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি হওয়া যাবে না। ভর্তি বাতিলের কাজটি ১৮ থেকে ৩০ জুনের মধ্যেই করতে হবে।